চুয়াডাঙ্গার উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের ভবন উদ্বোধন ও মা সমাবেশ

চুয়াডাঙ্গার জীবননগর উপজেলার উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে নতুন চার তলা একাডেমিক ভবনের উদ্বোধন ও শিক্ষার মান উন্নয়নে মা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার সকাল ১০ টার সময় উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় চত্বরে ওই মা সমাবেশ অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে বক্তব্য রাখেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো. আলী আজগার টগর।

এসময় তিনি বলেন, উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে একসময় ভবন ছিলোনা। টিনের ছাপড়ার নিচে ক্লাস করতো মেয়েরা। ঝড়বৃষ্টি হলে ক্লাস নেওয়ার অনুপযোগী হয়ে যেতো। সাতশো থেকে আটশো ছাত্রীরা ঠাসাঠাসি করে বসে ক্লাস করতো। বিদ্যালয়ের পরিচালনা পর্ষদের সভাপতি সালাউদ্দীন কাজল আমার কাছে বিদ্যালয়ের ভবন দাবি করে। আমরা এখানে একটি চার তলা বিশিষ্ট একাডেমিক ভবন নির্মাণ করে দিয়েছি। শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। প্রধান শিক্ষকের অফিস কক্ষ, সীমানা প্রাচীর, গেটসহ যখন যেটা দাবি করেছে আমি পূরণ করে দেওয়ার চেষ্টা করেছি। এখন উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয় জীবননগর উপজেলার মধ্যে শ্রেষ্ঠ বিদ্যালয় নির্বাচিত হয়। পরিক্ষার ফলাফল অনেক ভালো হয়। মেয়েরা খেলা ধুলা করে উপজেলা-জেলা চ্যাম্পিয়ন হয়। উথলী মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের মত আমার নির্বাচনী এলাকায় সকল শিক্ষা প্রতিষ্ঠানে অবকাঠামোগত উন্নয়ন করা হয়েছে।



অনুষ্ঠানে পল্লী বিদ্যুৎ সমিতির ব্যবস্থাপনা পরিচালক মোঃ হুমায়ুন কবিরের পক্ষ থেকে ৬ জন মেধাবী শিক্ষার্থীর মাঝে বাইসাইকেল প্রদান করা হয়।

অনুষ্ঠানের শেষে ফিতা কেটে নবনির্মিত ৪ তলা একাডেমিক ভবনের উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মো. আলী আজগার টগর।